B I (Three Year G)
Under 1+1+1 System

# 2017

## ELECTIVE BENGALI (General)

FIRST PAPER

( Revised New Syllabus )

Time : 2 hours

*Full Marks* : 50

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১৪×৩=৪২

(ক) বাংলা গদ্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান সম্পর্কে আলোচনা করো।

(খ) শরৎচন্দ্রের উপন্যাসগুলির পরিচয় দিয়ে তাঁর জনপ্রিয়তার কারণ ব্যাখ্যা করো।

(গ) বাংলা নাট্যসাহিত্যে গিরিশচন্দ্র ঘোষের অবদান সম্পর্কে আলোচনা করো।

(ঘ) ছোটগল্পকার হিসেবে রবীন্দ্রনাথের কৃতিত্ব বিচার করো।

(ঙ) রবীন্দ্র-পরবর্তী বাংলা কাব্যধারার যে কোনো একজন কবি সম্পর্কে আলোচনা করো।

(চ) 'দিগ্‌দর্শন' থেকে 'বঙ্গদর্শন' পর্যন্ত বাংলা সাময়িক পত্রিকার ইতিহাস বিবৃত করো।

২। যে কোনো দুটি বিষয়ের উপর সংক্ষিপ্ত টীকা লেখো : ৪×২=৮

ঘরে বাইরে ; বিষাদসিন্ধু ; কৃষ্ণকুমারী ; নীলদর্পণ ; সবুজপত্র ; কবি ; পুতুলনাচের ইতিকথা ; মেঘনাদবধ কাব্য ; রাজশেখর বসু ; সর্বহারা ; সীতার বনবাস।

★★★





## 2017

## ELECTIVE BENGALI (General)

### SECOND PAPER

( Revised New Syllabus )

Time : 2 hours Full Marks : 50

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ১৪×৩=৪২

(ক) ''শুধু কি বৈকুণ্ঠের তরে বৈষ্ণবের গান?'' এই উক্তিকে মনে রেখে বৈষ্ণব পদাবলীর মানবিক আবেদন সম্পর্কে আলোচনা করো।

*অথবা*

অভিসার কাকে বলে? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব আলোচনা করো।

(খ) 'প্রেমবৈচিত্ত্য' ও 'আক্ষেপানুরাগ'-এর সংজ্ঞা দাও। 'আক্ষেপানুরাগ' পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব নিরূপণ করো।

*অথবা*

'নিবেদন' এবং 'প্রার্থনা' পর্যায়ের পদ-অবলম্বনে চণ্ডীদাস অথবা বিদ্যাপতির কবি প্রতিভার বৈশিষ্ট্য আলোচনা করো।



( Turn Over )

(গ) 'চতুর্দশপদী কবিতাবলী'তে কবির নিসর্গপ্রীতির যে পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো।

*অথবা*

'কাশীরাম' কবিতায় মধুসূদন দত্ত তাঁর অগ্রজ কবির প্রতি যে শ্রদ্ধা প্রদর্শন করেছেন তা ব্যাখ্যা করো।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ৪×২=৮

(ক) ''রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর।
প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর॥''

এখানে 'মোর' বলতে কাকে বোঝানো হয়েছে? উদ্ধৃত অংশটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

*অথবা*

''আজু হাম কি পেখলুঁ নবদ্বীপ চন্দ''

উদ্ধৃতিটি কার লেখা? এটি কোন্ পর্যায়ের পদ? 'পেখলুঁ' শব্দটির অর্থ কী? পদাংশটির বক্তব্য ব্যাখ্যা করো।

(খ) ''সতত, হে নদ, তুমি পড় মোর মনে।''

কোন্ নদের কথা বলা হয়েছে? কবির মনে পড়ার কারণ কী?

*অথবা*

''হে বঙ্গ ভাণ্ডারে তব বিবিধ রতন।''

বিবিধ রতন কী? উদ্ধৃত অংশটির একটি রসগ্রাহী আলোচনা করো।

* * *



B I (Three Year G)
Under 1+1+1 System

**2017**

# ELECTIVE BENGALI (General)

THIRD PAPER

( Revised New Syllabus )

Time : 2 hours Full Marks : 50

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ১৪×৩=৪২

(ক) ''এই জন্য বর্ষা ঋতুটা বিশেষভাবে কবির ঋতু।'' বর্ষাকে কবির ঋতু বলার কারণ ব্যাখ্যা করো।

*অথবা*

'' 'কণারক' প্রবন্ধে বলেন্দ্রনাথের রূপদক্ষ শিল্পীমনের সৃষ্টি নৈপুণ্যের পরিচয় পাওয়া যায়।'' আলোচনা করো।

(খ) 'দেবী চৌধুরাণী' উপন্যাসে নারীর আত্ম-প্রতিষ্ঠার লড়াই কীভাবে ব্যক্ত, বুঝিয়ে দাও।

*অথবা*

'দেবী চৌধুরাণী' উপন্যাসটি উদ্দেশ্যমূলক কীনা, বিচার করো।



( Turn Over )

(গ) ছোটগল্প হিসেবে 'মুক্তির উপায়' কতটা সার্থক, আলোচনা করো।

অথবা

'পোস্টমাস্টার' গল্পটি মানবিক আবেদনে কীভাবে চিরন্তন হয়ে উঠেছে, আলোচনা করো।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ৪×৪

(ক) ''ভারতবর্ষের নিখুঁত একটা ছবি আমার চোখের সামনে ফুটে উঠল।'' কোন্ ছবির কথা বক্তার চোখে ফুটে উঠেছে?

অথবা

'কঙ্কাল' গল্পে অতিপ্রাকৃত ভাবনার চারটি বৈশিষ্ট্য তুলে ধরো।

(খ) ''লাঠি ছাড়িয়াই বাঙালী নির্জীব হইয়াছে।'' প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতিটি ব্যাখ্যা করো।

অথবা

'সুভা' গল্পে সুভা চরিত্রের পরিণতি সংক্ষেপে আলোচনা করো।

★ ★ ★



B I (Three Year G)
Under 1+1+1 System

**2017**

## PHYSICAL EDUCATION (General)

FIRST PAPER

( Revised New Syllabus )

Time : 2 hours | Full Marks : 50

*The figures in the margin indicate full marks.*

GROUP—A

( *Marks* : 30 )

Answer *any* **three** questions

1. State the nature and scope of physical education in relation to general education. 10

2. Briefly, explain the importance of sports training and exercise physiology in physical education. 5+5=10

3. What do you mean by aging? Prescribe a physical activity programme for the aged persons. 3+7=10



( Turn Over )

B II (Three Year G)
Under 1+1+1 System

# 2017

## ELECTIVE BENGALI (General)

FOURTH PAPER

( Revised New Syllabus )

e : 2 hours | *Full Marks* : 50

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

(ক) অক্ষরবৃত্ত বা তানপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ১২

অথবা

দৃষ্টান্তসহ সংজ্ঞা নির্দেশ করো : ৪×৩=১২

মাত্রা ; পর্বাঙ্গ ; ছেদ।

(খ) ছন্দোলিপি নির্ণয় করো (যে কোনো দুটি) : ৪×২=৮

(১) ভূতের মতন চেহারা যেমন নির্বোধ অতি ঘোর
যা কিছু হারায় গিন্নি বলেন, কেষ্টা বেটাই চোর।

(২) মন্দির বাহির কঠিন কপাট।
চলইতে শঙ্কিল পঙ্কিল বাট॥

(৩) আছিলাম একাকিনী বসিয়া কাননে।
আনিয়াছে তোর স্বামী বান্ধি নিজগুণে॥

(৪) আকাশ জুড়ে মেঘ করেছে
বিষ্টি এলো কোন্ দেশে
কী জানি কোন্ গাছের ছায়া
একটি নদীর কোল ঘেঁষে।

(৫) একটি মেয়ে আছে জানি পল্লীটি তার দখলে,
সবাই তারি পূজা জোগায় লক্ষ্মী বলে সকলে।

২। (ক) শ্লেষ অলংকারের উদাহরণসহ সংজ্ঞা দাও। প্রসঙ্গত যমকের সঙ্গে শ্লেষ অলংকারের পার্থক্য দেখাও।

অথবা

উদাহরণসহ সংজ্ঞা লেখো (যে কোনো দুটি) : ২½

অনুপ্রাস ; ভ্রান্তিমান ; উৎপ্রেক্ষা ; ব্যাজস্তুতি।

(খ) অলংকার নির্ণয় করো (যে কোনো দুটি) : ২½

(১) কল কল্লোলে লাজ দিল আজ
নারী কণ্ঠের কাকলি।

(২) উড়িল কলম্বকুল অম্বর প্রদেশে।





(৩) যৌবনেরই মৌবনে সে মাড়িয়ে চলে ফুলগুলি।

(৪) নামে সন্ধ্যা তন্দ্রালসা, সোনার আঁচলখসা হাতে দীপশিখা।

(৫) দূর্বাদলশ্যাম রামে নিরখিয়া
ময়ূর নীরদভ্রমে উঠিল নাচিয়া।

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) মহাকাব্য কাকে বলে? সাহিত্যিক মহাকাব্যের লক্ষণগুলি নির্দেশ করে একটি বাংলা মহাকাব্যে ওই লক্ষণগুলির কতটা প্রকাশিত হয়েছে, আলোচনা করো।

(খ) ট্র্যাজেডি কয় প্রকার ও কী কী? যে কোনো একপ্রকার ট্র্যাজেডির বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো।

(গ) রাজনৈতিক উপন্যাস বলতে কী বোঝ? উদাহরণসহ এই শ্রেণীর উপন্যাসের বৈশিষ্ট্যগুলি তুলো ধরো।

(ঘ) প্রবন্ধ সাহিত্যের শ্রেণীবিভাগ করো এবং যে কোনো একটি শ্রেণী সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো।

★★★

B II (Three Year G)
Under 1+1+1 System

# 2017

## ELECTIVE BENGALI (General)

FIFTH PAPER

( Revised New Syllabus )

ne : 2 hours Full Marks : 50

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

(ক) " 'মানসী' কাব্যকে রবীন্দ্রকাব্যের অণুবিশ্ব বলা যায়।" সমালোচকের এই মন্তব্যটির যথার্থতা বিচার করো। ১৪

*অথবা*

'কুহুধ্বনি' কবিতা অবলম্বনে রবীন্দ্রনাথের নিসর্গচেতনার পরিচয় দাও।

(খ) 'বিসর্জন' নাটকে প্রেম ও প্রতাপের যে দ্বন্দ্ব দেখানো হয়েছে তা আলোচনা করো। ১৪

*অথবা*

'বিসর্জন' নাটকে জনতা চরিত্রের প্রয়োজনীয়তা ও গুরুত্ব আলোচনা করো।



( Turn Over )

(গ) " 'রূপসী বাংলা' কাব্যগ্রন্থে বাংলার এক স্পর্শ-গন্ধময় চিত্রল জগৎকে আমরা প্রত্যক্ষ করি।" আলোচনা করো।

অথবা

'হায় পাখি ; একদিন কালীদহে।'

কবিতাটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৪×২=

(ক) মূল 'মেঘদূত' কাব্যটি কার লেখা? কোন্ ভাষায় লেখা? রবীন্দ্রনাথের 'মেঘদূত' কবিতায় কবির কোন্ ভাবনা প্রকাশিত হয়েছে?

(খ) 'আমারে কে নিবি ভাই সঁপিতে চাই আপনারে'—গানটি কে গেয়েছে? কেন সে এ গান গেয়েছে, বুঝিয়ে দাও।

(গ) 'পাড়াগাঁর দু'পহর ভালোবাসি—রৌদ্রে যেন গন্ধ লেগে আছে স্বপনের;' এই কবিতায় কবির নিসর্গপ্রীতির পাশাপাশি একটি বিষণ্নতাবোধও কীভাবে ধরা পড়েছে, আলোচনা করো।

(ঘ) "তবে এস তুমি
এ মন্দির ছেড়ে এস।"

কে, কাকে আহ্বান জানিয়েছে? 'মন্দির ছেড়ে' আসার তাৎপর্য ব্যাখ্যা করো।

★★★





**2017**

# ELECTIVE BENGALI (General)

SIXTH PAPER

( Revised New Syllabus )

me : 2 hours **Full Marks : 50**

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

। 'দেনা পাওনা' উপন্যাসের পরিণতির সার্থকতা বিচার করো। ১৪

অথবা

'দেনা পাওনা' উপন্যাসের অপ্রধান চরিত্রগুলির উপযোগিতা আলোচনা করো।

। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১৪×২=২৮

(ক) " 'দুঃশাসনীয়' মানুষের সৃষ্ট আকালের বিরুদ্ধে মানবধর্মের প্রতিবাদের গল্প।" মন্তব্যটি পর্যালোচনা করো।

(খ) "অস্তিত্বের প্রশ্নে প্রেমকে এক নির্মম রূঢ়তায় তারিণী অস্বীকার করেছে।" এই মন্তব্যের আলোকে তারিণী মাঝির চরিত্রটি বিশ্লেষণ করো।

(গ) “ ‘শুধু কেরাণী’ গল্পে নিয়তির স্থান দখল করেছে সামাজিক ও অর্থনৈতিক কাঠামো।” মন্তব্যটি আলোচনা করো।

(ঘ) “ ‘ফসিল’ গল্পটি সমাপ্তিতে পৌঁছে আর বিশেষ কোনো স্থান বা কালের সীমায় আবদ্ধ থাকে না, হয়ে ওঠে মানবসভ্যতার ইতিহাসের প্রতিভূ।” আলোচনা করো।

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৪×

(ক) “প্রজারা ভয় পায় ভক্তিও করে।” কার কথা বলা হয়েছে? সংক্ষেপে তার পরিচয় দাও।

(খ) ‘এক পো দুধ’ গল্পের শেষাংশে পরিবারটির কোন্ মানসিকতার প্রতিফলন ঘটেছে বলে তুমি মনে করো?

(গ) ‘দুঃশাসনীয়’ গল্পে লেখক ‘মহাভারত’-এর প্রসঙ্গ এনেছেন কেন?

(ঘ) “সেই ভালো! বলিয়া জীবানন্দ যোড়শীর হাত ধরিয়া অগ্রসর হইল।” প্রসঙ্গ উল্লেখপূর্বক ‘সেই ভালো’-র পরিচয় দাও।

★★★



B II (Three Year G)
Under 1+1+1 System

**2017**

# PHYSICAL EDUCATION (General)

## FOURTH PAPER

( Revised New Syllabus )

Time : 2 hours *Full Marks* : 50

*The figures in the margin indicate full marks.*

### GROUP—A

( *Marks* : 25 )

1. Answer any ***two*** questions of the following : 7½×2=15

(a) Discuss briefly the reasons for introducing of Olympic Games.

(b) Discuss the contribution of H. C. Buck in Indian physical education.

(c) Discuss the development of physical education in post-independence period in India.

B III (Three Year G)
Under 1+1+1 System

# 2017

# ELECTIVE BENGALI (General)

## SEVENTH PAPER

( Revised New Syllabus )

: 3 hours | *Full Marks* : 100

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক ।*

নিম্নলিখিত শব্দগুলির যে কোনো দশটির পরিভাষা লেখো : ১×১০=১০

Aesthetics ; Impressionism ; Satire ; Farce ; Trilogy ; Mythology ; Metaphor ; Elegy ; Paradox ; Dirge ; Antonym ; Canto ; Blank verse ; Catastrophe ; Interlude.

নিম্নে প্রদত্ত রচনাটির প্রুফ সংশোধন করো (পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানানবিধি অনুসারে) : ১০

একজন আরব পণ্ডুত লিখির্ছেন, ধনী রা বলে পঁয়সা রোজগার করা সবচেয়ে শক্তকাজ। কিন্তু জ্ঞানীরা বলেন, না জ্ঞানাজন সব চেয়ে শ কাজ। একন প্রশ্ন কার বাদী ঠিক। আমি নিজে জ্ঞানের সন্ধাড়ে ফিরি আমার পক্ষে নি রপেক্ষ হওয়া কঠিন। একটি জিনিস আমি লক্ষ করেসি সেইটি আমি বিচক্ষর জনের চক্ষুগোচর করতেত চাই।



( Turn Over )

( পাণ্ডুলিপি নীচে দেওয়া হল )

একজন আরব পণ্ডিত লিখেছেন, ধনীরা বলে পয়সা রোজগার করা সবচেয়ে শক্ত কাজ। কিন্তু জ্ঞানীরা বলেন, না—জ্ঞানার্জন সবচেয়ে শক্ত কাজ। এখন প্রশ্ন কার দাবী ঠিক। আমি নিজে জ্ঞানের সন্ধানে ফিরি, কাজেই আমার পক্ষে নিরপেক্ষ হওয়া কঠিন। তবে একটি জিনিস আমি লক্ষ করেছি, সেইটি আমি বিচক্ষণজনের চক্ষুগোচর করতে চাই।

৩। যে কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো (অনধিক ৩০০ শব্দে) :

(ক) বাংলা কথাসাহিত্যে আঞ্চলিকতা

(খ) উত্তরবঙ্গের লোকসংস্কৃতি

(গ) বাংলা একাঙ্ক নাটক : উদ্ভব ও বিকাশ

(ঘ) মধ্যযুগের বাংলা সাহিত্যে নারীচরিত্র

৪। যে কোনো দুটি বিষয়ের উদাহরণসহ পরিচয় দাও : ৫×২

স্বরাগম; জোড়কলম শব্দ; তদ্ভব; ব্যঞ্জনসমীভবন; বিমূর্ধন্যীভবন।





নিম্নে প্রদত্ত অংশটি আন্তর্জাতিক ধ্বনি-বর্ণমালা *অথবা* রোমান বর্ণমালা অনুসারে লিপ্যন্তর করো : ১০

একটা সময় আসবেই যখন প্রতিটি মানুষ যেমন বিজ্ঞানের ক্ষেত্রে, তেমনি আধ্যাত্মিক ক্ষেত্রে গভীরভাবে বাস্তবজ্ঞানসম্পন্ন হয়ে উঠবে এবং তখন সেই একত্ব, সেই সামঞ্জস্যপূর্ণ একত্ব বিরাজ করবে সারা জগতে। সমগ্র মানবজাতি হয়ে উঠবে জীবন্মুক্ত অর্থাৎ জীবিত অবস্থাতেই মুক্ত। আমরা সকলেই ঈর্ষা ও ঘৃণা, প্রেম ও সহযোগিতার মধ্য দিয়ে সেই এক লক্ষ্যের দিকে এগিয়ে যাওয়ার চেষ্টা করছি।

বর্তমানে ইন্টারনেটের ভালোমন্দ বিষয়ে তথ্যপ্রযুক্তি মন্ত্রীর সঙ্গে একটি কাল্পনিক সাক্ষাৎকার প্রস্তুত করো। ১৫

*অথবা*

ছাত্র সংসদের পক্ষ থেকে কলেজের বার্ষিক পত্রিকা প্রকাশের জন্য ছাত্র-ছাত্রীদের কাছ থেকে মৌলিক স্বরচিত রচনা চেয়ে একটি বিজ্ঞপ্তি রচনা করো।

পাঁচশো ও হাজার টাকার পুরানো নোট বাতিলের ভালোমন্দ বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো। ১৫

*অথবা*

যাত্রাপালার আয়োজকের পক্ষ থেকে যাত্রার অনুষ্ঠানসূচীসহ একটি বিজ্ঞাপনের খসড়া প্রস্তুত করো।

৮। বাংলায় অনুবাদ করো :

Vivekananda's success at Chicago had a remarkable influence on Indians. He had given expression to India's growing nationalism, the spirit of self-help and independence. He spread the voice of India allover the world and challenged the concept of inequality between the people of the East and that of the West. The speeches of Vivekananda became a source of courage and inspiration for Indian nationalists. He urged upon the young men of India to wipe out all sorts of weakness and fear, and to have faith in their power.

★★★



B III (Three Year G)
Under 1+1+1 System

**2017**

# PHYSICAL EDUCATION (General)

## SEVENTH PAPER

( Revised New Syllabus )

: 2 hours *Full Marks* : 50

*The figures in the margin indicate full marks.*

GROUP—A

( *Marks* : 30 )

wer any *three* questions from the following : 10×3=30

(a) What do you mean by 'sports training'?

(b) Discuss different principles of sports training. 3+7=10

(a) Define endurance.

(b) Classify the endurance on the basis of duration of exercise/activity.

(c) Discuss any one method for improving the endurance. 2+3+5=10

(a) What do you understand by normal-load, over-load and crest-load?

(b) Describe about the principles of load. 6+4=10

B I (Three Year H)
Under 1+1+1 System

# 2017

## BENGALI (Honours)

FIRST PAPER

( Revised New Syllabus )

Time : 4 hours                                                    *Full Marks* : 100

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। (ক) মঙ্গলকাব্য কাকে বলে? মনসামঙ্গল কাব্যধারার পরিচয় দিয়ে সপ্তদশ-অষ্টাদশ শতাব্দীর মনসামঙ্গল কাব্যধারার দু'জন কবির কাব্যরচনার পরিচয় দাও। ২+৪+১০=১৬

*অথবা*

কোন্ শ্রেণীর রচনাকে গীতিকা বলা হয়? এই রচনাগুলির সাধারণ বৈশিষ্ট্য কী? ময়মনসিংহ গীতিকার মধ্যে তা কতোটা পাওয়া যায়? ২+৪+১০=১৬

(খ) শরৎচন্দ্রের ঔপন্যাসিক প্রতিভার পরিচয় দাও। বাংলা উপন্যাস তাঁর হাতে কোন্ নতুন মাত্রা পেয়েছে? ১২+৪=১৬

*অথবা*

বাংলা নাটকে দ্বিজেন্দ্রলাল রায়ের অবদান আলোচনা করো। ১৬

(গ) সংক্ষিপ্ত টীকা লেখো (যে কোনো তিনটি) : ৬×৩=১৮

অন্নদামঙ্গল ; উইলিয়াম কেরি ; কমলাকান্তের দপ্তর ; মহুয়া ; সধবার একাদশী ; কবি ; মেঘনাদবধ কাব্য ; সংবাদ প্রভাকর ; জসীমউদ্দিন।

২। (ক) ওয়ার্ডস্‌ওয়ার্থের কাব্যগুলির পরিচয় দাও। রোমান্টিকতার কোন্ কোন্ বৈশিষ্ট্য তাঁর কাব্যে ধরা পড়েছে, চিহ্নিত করো। ১৬

*অথবা*

শেলীকে বলা হয় "The poet of hopes in despairs"—তাঁর কাব্যগুলির উল্লেখ করে মন্তব্যটি যথার্থ কিনা, আলোচনা করো। ১৬

(খ) সংক্ষিপ্ত টীকা লেখো (যে কোনো একটি) : ৪

ওথেলো ; ক্রিস্টাবেল ; কমেডি অফ্ এররস্ ; কুবলা খান।

৩। (ক) স্বরধ্বনি কাকে বলে? বাংলা স্বরধ্বনি কয়টি এবং কী কী? উচ্চারণ অনুযায়ী বাংলা স্বরধ্বনিগুলির শ্রেণীবিভাগ করো। ১০

*অথবা*

শব্দভাণ্ডার কী? বাংলা শব্দভাণ্ডারের প্রধান উপাদানগুলি উদাহরণসহ আলোচনা করো। ১০





(খ) ব্যুৎপত্তি নির্ণয় করো (যে কোনো আটটি) : ১×৮=৮

গাঙ ; নরুণ ; বাছুর ; বুর্জোয়া ; চশমা ; সাঁওতাল ; রাখাল ; সাঁঝ ; হাঁটু ; পানি ; পনেরো ; আনারস।

(গ) টীকা লেখো (যে কোনো তিনটি) : ৪×৩=১২

স্বরসঙ্গতি ; অর্থসংশ্লেষ ; বিষমীভবন ; স্বনিম ; বিপ্রকর্ষ ; শ্রুতিধ্বনি।

★★★

B I (Three Year H)
Under 1+1+1 System

# 2017

## BENGALI (Honours)

SECOND PAPER

( Revised New Syllabus )

*Time* : 4 hours

*Full Marks* : 100

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। (ক) সনেটের সংজ্ঞা দাও। বাংলা সাহিত্যে প্রথম কে সনেট লেখেন? সনেটের গঠনবৈচিত্র্যের পরিচয় দাও। ১০

*অথবা*

ঊনবিংশ শতাব্দীর বাংলা গীতিকাব্যকে প্রধানত কয়টি ভাগে বিভক্ত করা হয়? শ্রেণীগুলির নাম উল্লেখ করে যে কোনো একটি শ্রেণীর বৈশিষ্ট্য নিরূপণ করো। ১০

(খ) মহাকাব্য কাকে বলে? মহাকাব্য ও আখ্যানকাব্যের একটি তুলনামূলক আলোচনা করো। ১০

*অথবা*

গাথাকাব্য কাকে বলে? প্রচীন ও আধুনিক গাথাকাব্যের পার্থক্য নিরূপণ করো। ১০

২। পূর্বরাগ কাকে বলে? পূর্বরাগের সঙ্গে অনুরাগের পার্থক্য বুঝিয়ে দাও। পূর্বরাগ পর্যায়ের শ্রেষ্ঠ কবির কবি-প্রতিভার পরিচয় দাও। ১৬

*অথবা*

চৈতন্য-পূর্ববর্তী বৈষ্ণব পদাবলী এবং চৈতন্য-পরবর্তী বৈষ্ণব পদাবলীর মধ্যে যে ভাব ও রূপগত পার্থক্য আছে, সে বিষয়ে তোমার পাঠ্য বৈষ্ণব পদ অবলম্বনে আলোচনা করো। ১৬

৩। ''কবি মুকুন্দ জীবন রসিক কবি। 'চণ্ডীমঙ্গল কাব্য'-এ তাঁর জীবনরস স্বভাবের পরিচয় আছে।'' এই মন্তব্যটি সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো। ১৬

*অথবা*

কালকেতুর গুজরাট নগর পত্তনের বিবরণ দাও। এই নগর নির্মাণ-পরিকল্পনায় কবি মুকুন্দের কোনো বিশেষ ভাবনা বা আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটেছে কিনা তার পরিচয় দাও। ১৬

৪। 'আগমনী-বিজয়া'র গানে মা মেনকার মাতৃরূপের যে পরিচয় পাওয়া যায় তা দেখাও। ১৬

*অথবা*

সাধনতত্ত্ব যে মানবজীবনের সঙ্গীত হয়ে উঠতে পারে শাক্ত পদাবলীর 'ভক্তের আকুতি' পর্যায়ে তা কবিরা প্রমাণ করেছেন। আলোচনা করো। ১৬

৫। (ক) ধ্বনিপ্রধান ছন্দের পরিচয় দাও এবং এই ছন্দের অন্যান্য নামগুলি লেখো। এই ছন্দের বৈশিষ্ট্যগুলি উপযুক্ত উদাহরণসহ আলোচনা করো। ৯





*অথবা*

মাত্রা কাকে বলে? মাত্রাগণনা কীভাবে করা হয়? তিন প্রকার বাংলা ছন্দের উদাহরণসহ আলোচনা করো। ৯

(খ) যে কোনো দুটির ছন্দোলিপি নির্ণয় করো : ৪×২=৮

(১) তোমাদের বিয়ে হল ফাগুনের চৌঠা,
অক্ষয় হয়ে থাক্ সিঁদুরের কৌটা।
সাত চড়ে তবু যেন কথা মুখে না ফোটে,
নাসিকার ডগা ছেড়ে ঘোমটাও না ওঠে,

(২) লক্ষ্মী মেয়ে যারা ছিল তারাই এখন চড়বে ঘোড়া,
ঠাঁট ঠমকে চালাক চতুর সভ্য হবে থোড়া থোড়া।

(৩) পেঁচার ধূসর পাখা উড়ে যায় নক্ষত্রের পানে—
জমা মাঠ ছেড়ে দিয়ে চাঁদের আহ্বানে

(৪) গহন কুসুম কুঞ্জ মাঝে।
মৃদুল মধুর বংশী বাজে॥

৬। (ক) উপমার সংজ্ঞা দাও। উপমার বিভাগগুলির দৃষ্টান্তসহ আলোচনা করো। ৯

*অথবা*

উদাহরণসহ সংজ্ঞা লেখো : ৩×৩=৯

সমাসোক্তি ; যমক ; ব্যতিরেক।

(খ) অলঙ্কার নির্ণয় করো (যে কোনো দুটি) : ৩×২=৬

(১) হাতে মসী মুখে মসী মেঘে ঢাকা শিশু শশী।

(২) চলইতে শঙ্কিল পঙ্কিল বাট।

(৩) অন্ধকার-মহার্ণবে সৃষ্টি শতদল।

(৪) দেবতা আশিস্ ছলে বরষে শিশির।

★★★



B I (Three Year G)
Under 1+1+1 System

**2017**

## EDUCATION (General)

FIRST PAPER

( Revised New Syllabus )

*Time* : 2 hours *Full Marks* : 50

*The figures in the margin indicate full marks.*

**1.** Discuss the socialistic and individualistic aims of education. How can these two be reconciled? 10+6=16

**OR**

**2.** Discuss the democratic concept of education. State how to realize it in our school. 8+8=16

**3.** What is Naturalism? Discuss the contribution of naturalism in the field of education. 4+12=16



*( Turn Over )*

B II (Three Year H)
Under 1+1+1 System

# 2017

## BENGALI (Honours)

### THIRD PAPER

( Revised New Syllabus )

Time : 4 hours Full Marks : 100

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। (ক) মহাকাব্যিক উপন্যাস কাকে বলে? বৈশিষ্ট্যসহ একটি বাংলা মহাকাব্যিক উপন্যাসের আলোচনা করো। ১০

*অথবা*

রোমান্স কী? রোমান্স ও নভেলের দৃষ্টান্তসহ তুলনামূলক আলোচনা করো। ১০

(খ) মনস্তাত্ত্বিক উপন্যাস কাকে বলে? একটি বাংলা মনস্তাত্ত্বিক উপন্যাসের লক্ষণ ও বৈশিষ্ট্যগুলি তুলে ধরো। ১০

*অথবা*

আয়তনে ছোটো হলেই কী কোনো গল্পকে ছোটোগল্প বলা যায়? একটি বাংলা ছোটোগল্প বিশ্লেষণ করে ছোটোগল্পের বৈশিষ্ট্যগুলি বুঝিয়ে দাও। ১০

২। 'রজনী' উপন্যাসের মূল কাহিনী কোনটি ? শচীন্দ্র-রজনীর কাহিনী, না, অমরনাথ-লবঙ্গলতার কাহিনী ? যুক্তির সাহায্যে তোমার অভিমত প্রতিষ্ঠিত করো। ১৬

*অথবা*

''রজনীর প্রেমের প্রকাশ সাধারণ নারীর প্রেম-প্রকাশের থেকে স্বতন্ত্র।'' চরিত্রটি আলোচনা করে এই মন্তব্যের সত্যতা নিরূপণ করো। ১৬

৩। 'চোখের বালি' উপন্যাসের নায়িকা আশালতা না বিনোদিনী ? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ১৬

*অথবা*

'' 'চোখের বালি' থেকেই বাংলা উপন্যাসে আধুনিকতার সূত্রপাত হয়েছে।'' বিষয়টি পর্যালোচনা করো। ১৬

৪। '' 'পল্লীসমাজ' উপন্যাসটি উদ্দেশ্যমূলক রচনা হলেও শিল্পসার্থকতা বঞ্চিত নয়।'' আলোচনা করো। ১৬

*অথবা*

'পল্লীসমাজ' উপন্যাসের রমা-রমেশের প্রেম কীভাবে আকর্ষণ ও বিকর্ষণের দ্বন্দ্বে জটিল হয়ে উঠেছে তা বিশ্লেষণ করো। ১৬

৫। নিম্নলিখিত যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৪×৩=১২

(ক) ''যাকে ধর্ম বলে, পল্লীগ্রাম থেকে সেটা একেবারে লোপ পেয়েছে।'' কে, কাকে এই কথা বলেছেন ? প্রসঙ্গ উল্লেখ করো।





(খ) ''আজকের দিনটা আমার নিন্দা-সুখ্যাতির বাইরে।'' বক্তা কে ? কাকে উদ্দেশ্য করে বলা হয়েছে ? প্রসঙ্গটি আলোচনা করো।

(গ) ''ভীরু কাপুরুষ না জানো ভালোবাসিতে, না জানো কর্তব্য করিতে।'' উক্তিটি কে, কার প্রতি, কেন করেছিল ?

(ঘ) ''তুমি বৃদ্ধতে এত অনুরক্তা কেন ?'' একথাটি কে, কাকে, কোন্ প্রসঙ্গে বলেছে, আলোচনা করো।

(ঙ) ''যতদিন তুমি না মরিবে, ততদিন আমার প্রত্যাশাও মরিবে না।'' এই উক্তিটি কে, কার প্রতি করেছে ? এই প্রসঙ্গে বক্তার মানসিক অবস্থার পর্যালোচনা করো।

৬। (ক) ''নারীর মর্যাদা সম্বন্ধে কবির ব্যক্তিগত মতামতের বহিঃপ্রকাশ 'হৈমন্তী' গল্প।'' মন্তব্যটি কতখানি সমর্থনযোগ্য, আলোচনা করো। ১০

*অথবা*

'মেঘ ও রৌদ্র' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো। ১০

(খ) করুণ রসের গল্প 'আদরিণী' মন্তব্যটি কতটা গ্রহণযোগ্য, আলোচনা করো। ১০

*অথবা*

স্বর্ণকুমারী দেবী 'কেন' গল্পে তৎকালীন বাবু সমাজের বাস্তবচিত্র তুলে ধরতে কতটা সফল হয়েছেন তা আলোচনা করো। ১০

★★★

B II (Three Year H)
Under 1+1+1 System

## 2017

## BENGALI (Honours)

FOURTH PAPER

( Revised New Syllabus )

*Time* : 4 hours *Full Marks* : 100

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। (ক) পত্রসাহিত্য বলতে কি বোঝায়? কয়েকটি বাংলা পত্রসাহিত্যের উল্লেখ করো। যে কোনো একজন পত্রসাহিত্যকারের রচনা অবলম্বনে পত্রসাহিত্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ১০

*অথবা*

কোন্ ধরনের রচনাকে ডায়েরী বলা হয়? বাংলা ভাষায় রচিত দুটি ডায়েরীধর্মী রচনার পরিচয় দাও। ১০

(খ) সাহিত্য-সমালোচনায় 'তুলনামূলক পদ্ধতি' বলতে কি বোঝায়? দৃষ্টান্তসহ বিষয়টি স্পষ্ট করো। ১০

*অথবা*

সাহিত্য-সমালোচনা প্রসঙ্গে রবীন্দ্রনাথের অভিমত সম্পর্কে আলোচনা করো। ১০

২। ‘পঞ্চভূত’ গ্রন্থটির রচনারীতির অভিনবত্ব আলোচনা করো। প্রসঙ্গত পাঁচটি ভূতের পরিচয় দাও। ১৬

*অথবা*

“সৌন্দর্য আত্মার সহিত জড়ের মাঝখানকার সেতু।” ‘সৌন্দর্যের সম্বন্ধ’ প্রবন্ধ অবলম্বনে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১৬

৩। “ঈশ্বরগুপ্ত Realist এবং ঈশ্বরগুপ্ত Satirist.” মন্তব্যটির আলোকে ঈশ্বরগুপ্তের কবি-প্রতিভার বৈশিষ্ট্য বুঝিয়ে দিয়ে তাকে রিয়ালিস্ট ও স্যাটায়ারিস্ট বলার কারণ কি, আলোচনা করো। ১৬

*অথবা*

‘আধুনিক বাংলা সাহিত্য’ অবলম্বনে মাইকেল থেকে রবীন্দ্রনাথ পর্যন্ত বাঙালীর সাহিত্যজীবনের ধারা এবং গতি-প্রকৃতির নানা দিক সম্বন্ধে আলোচনা করো। ১৬

৪। “ ‘চিত্রাঙ্গদা’ একাধারে কাব্য, চিত্র ও সঙ্গীত। অতএব তা চরম কাব্য।” এই মন্তব্যের আলোকে ‘চিত্রাঙ্গদা’ প্রবন্ধে প্রাবন্ধিকের যে দৃষ্টিভঙ্গী ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ১৬

*অথবা*

“ ‘অন্তঃশীলা’ ঠিক শিশুপাঠ্য উপন্যাস নয়; বইখানি ভাবুকের জন্য লেখা এবং ভাবুকের দ্বারা লিখিত।” ‘অন্তঃশীলা’ প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটির যাথার্থ্য নির্ণয় করো। ১৬





৫। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৪×৩=১২

(ক) স্রোতস্বিনী ও দীপ্তি চরিত্র দুটির স্বাতন্ত্র্য সংক্ষেপে উল্লেখ করো।

(খ) “কবিরেব প্রজাপতিঃ।” উক্তিটি কার? এর অর্থ কি?

(গ) ‘রবীন্দ্রনাথ ও উত্তর সাধক’ প্রবন্ধ অবলম্বনে স্বভাবকবির বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

(ঘ) ‘বিজ্ঞান সাহিত্য’ প্রবন্ধে প্রাবন্ধিক কবি ও বৈজ্ঞানিকের মধ্যে কি কি সাদৃশ্য উল্লেখ করেছেন?

(ঙ) “এই কলহ বিশিষ্ট দলের সহিত ইতর সাধারণের কলহ।” উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

৬। (ক) “ ‘ছিন্নপত্র’ আকারে চিঠি কিন্তু প্রকারে রবীন্দ্র মনের আয়না।” মন্তব্যটি বিশ্লেষণ করো। ১০

*অথবা*

রবীন্দ্রনাথের কোনো কোনো কাব্যের প্রবেশকরূপে ‘ছিন্নপত্র’-এর গুরুত্ব আলোচনা করো। ১০

(খ) ‘ছিন্নপত্র’-এর ১৮ সংখ্যক পত্রটি (ঐ যে মস্ত পৃথিবীটা চুপ করে....) অবলম্বনে রবীন্দ্রনাথের মানবপ্রীতির পরিচয় দাও। ১০

*অথবা*

‘ছিন্নপত্র’-এর চিঠিগুলিতে হাস্যরসের যে পরিচয় পাওয়া যায়, উপযুক্ত উদ্ধৃতিসহ তা আলোচনা করো। ১০

* * *

GROUP—B

(c) Why does Emerson call consistency 'th hobgoblin of little minds'?

(d) Comment on the 'scaffold scene' in *Th Scarlet Letter*.

GROUP—C

(e) What Green myth does O'Neill draw upon in *Desire Under the Elms*?

(f) Write a short note on the source o *The Crucible*.

★★★



B III (Three Year H)
Under 1+1+1 System

**2017**

## BENGALI (Honours)

FIFTH PAPER

( Revised New Syllabus )

4 hours — *Full Marks* : 100

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) ত্রয়ী ঐক্য কাকে বলে ? ট্রাজেডিতে ত্রয়ী ঐক্যের গুরুত্ব কি ?

(খ) মেলোড্রামা বলতে কি বোঝ ? ট্রাজেডি রচনার প্রয়াস ব্যর্থ হলেই কি তাকে মেলোড্রামা বলা যায়? দৃষ্টান্তসহ মেলোড্রামার পরিচয় দাও।

(গ) রূপক নাটক কাকে বলে? বাংলায় রচিত একটি রূপক নাটকের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) অ্যাবসার্ড বলতে কি বোঝায় ? অ্যাবসার্ড নাটক সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×

(ক) ন্যাশনাল থিয়েটার কবে, কাদের উদ্যোগে প্রতিষ্ঠিত হয়? প্রথম রজনীতে কার, কোন্ নাটক অভিনীত হয়? সংক্ষেপে বাংলা থিয়েটারের ইতিহাসে ন্যাশনাল থিয়েটারের অবদান আলোচনা করো।

(খ) নাট্যব্যক্তিত্বরূপে বিনোদিনী দাসী এবং নটী তারাসুন্দরীর মূল্যায়ন করো।

(গ) গণনাট্য সঙ্ঘের প্রতিষ্ঠার ইতিহাস বিবৃত করো। প্রতিষ্ঠালগ্নে গণনাট্যের লক্ষ্য ও উদ্দেশ্য কি ছিল? আলোচনা করো।

(ঘ) সংক্ষিপ্ত পরিচয় দাও :

(১) তৃপ্তি মিত্র

(২) ক্লাসিক থিয়েটার

৩। 'নীলদর্পণ' নাটকের সংলাপ রচনায় নাট্যকারের কৃতিত্বের পরিচয় দাও। আঞ্চলিক কথ্যভাষার প্রয়োগ এই সংলাপকে সমৃদ্ধ করেছে কিনা, দেখাও।

*অথবা*

'নীলদর্পণ' নাটকের কাহিনী বিন্যাস রীতির আলোচনা করে দীনবন্ধুর নাট্যশৈলীর পরিচয় দাও।

৪। 'মুক্তধারা' নাটকের প্রথম থেকে শেষ পর্যন্ত-'পথ' এক গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছে, আলোচনা করো।

*অথবা*

'মুক্তধারা' নাটকের সঙ্গীতগুলি আলোচনা করে এগুলি কোন্ নাট্য প্রয়োজন সিদ্ধ করেছে তা দেখাও।





। নবনাট্য আন্দোলনের সূচনাপর্বের মাইলস্টোন হিসাবে 'ছেঁড়াতার' নাটকটির সাফল্য বিচার করো। ১৬

*অথবা*

'ছেঁড়াতার' নাটকের গঠন-কৌশলে নাট্যকার তুলসী লাহিড়ী যথেষ্ট নৈপুণ্যের পরিচয় রেখেছেন—আলোচনা করো।

। যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৪×৩=১২

(ক) ''সাতশত শকুনি মরিয়া একটি নীলকরের দেওয়ান হয় নচেৎ অগণনীয় মোজা হজম হয় কেমন কর্য়ে?'' উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(খ) ''সমিন্দির ঝ্যামন চাবালি মোর তেমনি হাতের পোঁচা।'' বক্তা কে? কোন্ প্রসঙ্গে এই উক্তি? এর অর্থ বুঝিয়ে দাও।

(গ) ''বেশী দাম নয়। ২৫/২৬ টাকা। চল্ তোকে কিনে দিচ্ছি।'' কার উক্তি? কোন্ নাটকের, কোন্ দৃশ্যে উক্তিটি আছে? কোন্ সামগ্রী, কাকে কিনে দেবার কথা বলা হয়েছে?

(ঘ) ''জুড়াইছে? জুড়াইছে? আল্লা আঁয় কি জুড়াইছে''—কে, কোথায় একথা বলেছে? উক্তিটির তাৎপর্য লেখো।

(ঙ) ''মানুষের মন নিয়ে আমাদের কারবার।'' বক্তা কে? উক্তিটির প্রসঙ্গ উল্লেখ করে বক্তার মনোভাবের পরিচয় দাও।

★★★

B III (Three Year H)
Under 1+1+1 System

**2017**

## BENGALI (Honours)

SIXTH PAPER

( Revised New Syllabus )

Time : 4 hours | *Full Marks* : 100

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

তোমার বিচারে 'বীরাঙ্গনা কাব্য'-এর শ্রেষ্ঠ পত্রিকা কোনটি? যুক্তিসহ আলোচনা করো। ১৬

*অথবা*

'বীরাঙ্গনা' কাব্যে কবি মধুসূদনের ছন্দ ব্যবহার সম্পর্কে আলোচনা করো।

"বিশ্বানুভূতি বা বিশ্ববোধ রবীন্দ্র কবি-মানসের এক উল্লেখযোগ্য বৈশিষ্ট্য।" 'সোনারতরী' কাব্যে এই বৈশিষ্ট্য কতটা পাওয়া যায় তা আলোচনা করো। ১৬

*অথবা*

'সোনারতরী' কাব্যের ভাবানুষঙ্গে 'হৃদয় যমুনা' কবিতাটির তাৎপর্য বিশ্লেষণ করো।

৩। ''আমার কাব্যের ঋতু পরিবর্তন ঘটেছে বারে বারে।'' 'নবজাতক' কাব্যের কয়েকটি কবিতা অবলম্বনে কবির এই মনোভাবের পরিচয় দাও।

*অথবা*

'নবজাতক' কাব্যের 'প্রায়শ্চিত্ত' কবিতা অবলম্বনে রবীন্দ্রনাথের সমসাময়িক কালের কবি-মানসের পরিচয় দাও।

৪। (ক) 'কচিডাব' কবিতায় কবি বৃদ্ধডাব বিক্রেতার মধ্য দিয়ে যে বৃহত্তর চেতনায় উদ্বুদ্ধ হয়েছিলেন তার স্বরূপ ব্যাখ্যা করো।

*অথবা*

'আমি চম্পা সূর্যের সৌরভ' কবিতাটির এই শেষ ছত্রেই প্রমাণ হয়ে যায় যে 'চম্পা' একটি উৎকৃষ্ট রবীন্দ্রানুসারী কবিতা—আলোচনা করো।

(খ) 'ত্রিরত্ন' কবিতায় কবি যে ত্রিরত্নের কথা বলেছেন তার পরিচয় দাও। কবিতাটির মধ্যে তত্ত্ব ও কাব্যরসের যে অপূর্ব সম্মিলন ঘটেছে তা আলোচনা করো।

*অথবা*

'পান্থ' কবিতাটি কবি যার উদ্দেশ্যে রচনা করেছেন তাঁর জীবনদর্শনের সঙ্গে কবির জীবনদর্শনের সাদৃশ্য ও বৈসাদৃশ্য 'পান্থ' কবিতাটির অনুসরণে আলোচনা করো।





(ক) 'নগ্ন নির্জন হাত' কবিতাটিতে পরাবাস্তববাদী চেতনার কোনো পরিচয় মুদ্রিত আছে কি? কবিতাটির অনুপুঙ্খ বিশ্লেষণের সাহায্যে বিষয়টি স্পষ্ট করো। ১০

*অথবা*

'আধুনিক কালের প্রেম খণ্ডিত ও আশাহত' 'টপ্পা-ঠুংরি' কবিতার নিরিখে এই আধুনিক প্রেমের স্বরূপ ব্যাখ্যা করো।

(খ) 'ফুল ফুটুক না ফুটুক' কবিতায় কবি সুভাষ মুখোপাধ্যায় রোমান্টিকতার যে নবনির্মাণ ঘটিয়েছেন তার স্বরূপ ব্যাখ্যা করো। ১০

*অথবা*

তোমার পাঠ্য কবিতা অবলম্বনে আধুনিক কবিতার বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৪×৩=১২

(ক) ''পরান্নে বাঁচিল প্রাণ পরের পালনে।'' অংশটিতে কার প্রাণ বাঁচার কথা বলা হয়েছে? তার প্রাণ কিভাবে বেঁচেছিল? অংশটির মর্মার্থ লেখো।

(খ) 'শশী চাই করতলে' কোন্ কবিতার অংশ? শশী চাওয়ার প্রকৃত অর্থ নিজের ভাষায় লেখো।

(গ) ''দেবতারে প্রিয় করি, প্রিয়েরে দেবতা।'' দেবতাকে প্রিয় এবং প্রিয়কে দেবতা করার মর্মার্থ লেখো।

(ঘ) "ওরা তাই স্পর্ধায় চলে
বুদ্ধের মন্দির তলে।"

উদ্ধৃতিটিতে 'ওরা' বলতে কাদের বোঝানো হয়েছে? ওদে
স্পর্ধার কারণ কি? অংশটির তাৎপর্য লেখো।

(ঙ) "নীল শৈলের গায়ে
দেখা দিল রঙপুর।"

অংশটিতে নীল শৈলের গায়ে প্রকৃতপক্ষে কোন্ অঞ্চল দেখ
যায়? কবি কত বছর বয়সে, কোথায় এটি রচনা করেন
অংশটির তাৎপর্য লেখো।

★★★



B III (Three Year H)
Under 1+1+1 System

**2017**

## BENGALI (Honours)

SEVENTH PAPER

( Revised New Syllabus )

4 hours *Full Marks* : 100

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

"তারাশঙ্কর প্রধানত আঞ্চলিক জীবনের রসস্রষ্টা। তাঁর সাহিত্যের একটা বড় অংশ হল অঞ্চলভিত্তিক জীবনকথার রূপায়ণ।" 'ধাত্রীদেবতা' উপন্যাসের আঞ্চলিকতা প্রসঙ্গে মন্তব্যটির সার্থকতা আলোচনা করো। ১৬

*অথবা*

"'ধাত্রীদেবতা' উপন্যাসে সামন্ততান্ত্রিক মনোভাব থেকে লেখক সমাজতান্ত্রিক মনোভাবের দিকে অগ্রসর হয়েছেন।" মন্তব্যটি কতদূর গ্রহণযোগ্য, আলোচনা করো।

"শারীরিকভাবে মালা অসহায়, তার মানসিক যন্ত্রণাও তুলনারহিত।" চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে উক্তিটির যথার্থতা আলোচনা করো। ১৬

*অথবা*

'পদ্মানদীর মাঝি' উপন্যাসে কুবের মিঞার জীবনের যে সংগ্রামপূর্ণ বাস্তব চিত্র ফুটে উঠেছে তার পরিচয় দাও। চরিত্রটিকে কি ট্র্যাজিক নায়কের মর্যাদা দেওয়া যায়?



( Turn Over )

৩। “ ‘জাগরী’ উপন্যাসের চারটি চরিত্রের মধ্যে নীলুর অন্তর্দ্বন্দ্বই সর্বাপেক্ষা বেশী।” নীলু চরিত্রটি বিচার করে মন্তব্যটির সত্যতা প্রতিপন্ন করো।

*অথবা*

‘জাগরী’ উপন্যাসের কথনরীতির বৈশিষ্ট্য আলোচনা করো।

৪। (ক) ‘ত্রয়ী’ বা ‘ট্রিলজি’ জাতীয় উপন্যাসের প্রাথমিক প্রস্তাবনা ‘প্রথম প্রতিশ্রুতি’ কতদূর পর্যন্ত সার্থক, আলোচনা করো।

*অথবা*

‘প্রথম প্রতিশ্রুতি’ উপন্যাসের রামকালী ও ভুবনেশ্বরী চরিত্রের পরিচয় দাও।

(খ) উপন্যাসের শিল্পতত্ত্বের দৃষ্টিতে ‘প্রথম প্রতিশ্রুতি’কে কি শিথিল গ্রন্থিত ও পৃথুল জাতীয় সৃষ্টি বলে মনে হয় কি? না, এর মধ্যে ‘Periodical Novel’-এর লক্ষণ মুদ্রিত হয়েছে? তোমার মতামতের স্বপক্ষে যুক্তি দেখাও।

*অথবা*

‘প্রথম প্রতিশ্রুতি’ উপন্যাসের ভাষা ব্যবহারে অহেতুক বৈদগ্ধ্য বা চাতুরি নেই, কিন্তু চরিত্রোপযোগী স্বাভাবিকতা ও বিশ্বাসযোগ্যতা বজায় আছে—আলোচনা করো।





(ক) “এ রেকর্ড কেউ নিশ্চিহ্ন করতে পারে নি। কেউ পারবে না।” ‘রেকর্ড’ গল্পের এই উক্তির আলোকে গল্পটির মূল অভিপ্রায় ব্যক্ত করো। ১০

*অথবা*

‘নিষাদ’ গল্পটির নামকরণ কতদূর সঙ্গত হয়েছে, আলোচনা করো।

(খ) ‘চোর’ গল্পে যে চোরটির জীবনের চিত্র বিধৃত হয়েছে তার জন্যে কে বা কারা দায়ী? গল্পটিকে বিশ্লেষণ করে তোমার অভিমত দাও। ১০

*অথবা*

“ ‘নরেন্দ্রনাথ মিত্র মধ্যবিত্ত জীবনের রূপকার।” ‘চড়াই-উৎরাই’ গল্প অবলম্বনে উক্তিটির যাথার্থ্য আলোচনা করো।

।যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৪×৩=১২

(ক) “কেষ্ট সিং। ওই জানোয়ারটাকে ঘাড় ধরে আমার সীমানা থেকে বের করে দিয়ে এসো।” এই উক্তিটি কার? কার প্রতি এই নির্দেশ? এই নির্দেশের মধ্য দিয়ে বক্তা চরিত্রটিকে আমরা কতটুকু জানতে পারি?

(খ) “মা আলমারী খুলিয়া একখানি বই টানিয়া লইলেন।” এখানে কোন্ বইটির কথা বলা হয়েছে? শ্রোতার জীবনে বইখানি কি গুরুত্বপূর্ণ কাজ করেছে, সংক্ষেপে ব্যাখ্যা করো।

(গ) "মানসী প্রিয়ার যৌবন চলিয়া যায়, পদ্মা তো চি
যৌবনা।" প্রসঙ্গ উল্লেখ করে মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্য
করো।

(ঘ) "কপিলার মন বুঝিবার ক্ষমতা ভগবান কুবেরকে দে
নাই।" কোন্ প্রসঙ্গে উক্তি? প্রসঙ্গটি আলোচনা করো।

(ঙ) "মেয়ে মানুষের আবার মতামত।" কোন্ প্রসঙ্গে, কার
উক্তি? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

★★★



B III (Three Year H)
Under 1+1+1 System

2017

## BENGALI (Honours)

EIGHTH PAPER

( Revised New Syllabus )

4 hours *Full Marks* : 100

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

(ক) 'মালবিকাগ্নিমিত্রম্' নাটকের কাহিনী-বিন্যাস কলা আলোচনা করো। ১০

*অথবা*

"কালিদাস শুধু সৌন্দর্যসম্ভোগের কবি নন তিনি গভীর জীবনাদর্শেরও ব্যাখ্যাতা।" আলোচনা করো।

(খ) শূদ্রকের 'মৃচ্ছকটিক' নাটকের কাহিনী আলোচনা করো। এতে সেকালের জনজীবনের যে চিত্র উদ্‌ঘাটিত হয়েছে তার পরিচয় দাও। ১০

*অথবা*

'গীতগোবিন্দ' কাব্যের কাহিনীটি আলোচনা করো। এটিকে কোন্ শ্রেণীর কাব্য বলা হয়?



( Turn Over )

২। (ক) বাংলা ও হিন্দি সাহিত্যের পারস্পরিক সম্পর্কের ইতিহাস সংক্ষেপে আলোচনা করো।

*অথবা*

কবি ভারতেন্দু হরিশ্চন্দ্র-এর জীবনী ও সাহিত্যকর্ম আলোচনা করো।

(খ) ছায়াবাদ কী? ছায়াবাদী কাব্যান্দোলনের প্রবর্তক কবিদের মধ্যে সুমিত্রানন্দন পন্থ-এর কাব্যধারার আলোচনা করো।

*অথবা*

হিন্দি উপন্যাস সাহিত্যে প্রেমচন্দের ভূমিকা ও গুরুত্ব আলোচনা করো।

৩। ধ্বনির শ্রেণীবিভাগ করো। প্রত্যেক শ্রেণীর দৃষ্টান্ত দাও। কোন শ্রেণীর ধ্বনিকে শ্রেষ্ঠ কাব্যের লক্ষণ বলে মনে করা হয়?

*অথবা*

রস-নিষ্পত্তির ক্ষেত্রে সাধারণীকরণের ভূমিকা আলোচনা করো।

৪। "সাহিত্যের বিষয় মানবহৃদয় এবং মানবচরিত্র।" রবীন্দ্রনাথের এই মতটির ব্যাখ্যা করো।

*অথবা*

"সাধারণের জিনিসকে বিশেষভাবে নিজের করিয়া, সেই উপায়েই তাহাকে পুনশ্চ বিশেষভাবে সাধারণের করিয়া তোলা সাহিত্যের কাজ।" 'সাহিত্যের সামগ্রী' প্রবন্ধ অবলম্বনে রবীন্দ্রনাথের এই অভিমতের পরিচয় দাও।





(ক) রসকে সহৃদয়সংবাদী বলার কারণ কী? ৪

*অথবা*

স্থায়ীভাব কয়টি ও কী কী? যা জান লেখো।

(খ) "প্রকাশই কবিত্ব।" ব্যাখ্যা করো। ৪

*অথবা*

"লেখকের প্রধান লক্ষ্য পাঠক সমাজ।" রবীন্দ্রনাথের এই ধারণাটি ব্যাখ্যা করো।

প্রবন্ধ রচনা করো (যে কোনো একটি) : ২০

(ক) মধ্যযুগের বাংলা অনুবাদসাহিত্য

(খ) উনিশ শতকের বাংলা মহাকাব্য

(গ) উত্তরবঙ্গের পটভূমিকায় রচিত বাংলা কথাসাহিত্য

(ঘ) বাংলা কবিতায় স্বদেশচেতনা

(ঙ) উত্তরবঙ্গের লোকসাহিত্য

★★★

B I (Three Year G)
Under 1+1+1 System

**2017**

# COMPULSORY BENGALI (General)

( For Arts )

( Revised New Syllabus )

*Time* : 2 hours *Full Marks* : 50

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। 'আমার কৈফিয়ৎ' কবিতার কবি কে? তিনি কার কাছে, কী কৈফিয়ৎ দিয়েছেন? ১০

*অথবা*

গঙ্গার জোয়ারে এসে লাগে
ভল্লার তীরের স্পর্শ
চোখে নব সূর্যোদয় জাগে;

ভল্লা কোথাকার নদী? গঙ্গার জোয়ারে তীরের কী স্পর্শ লাগে? চোখে কোন্ নব সূর্যোদয়ের কথা বলা হয়েছে?

২। ''বই পড়ার শখটা মানুষের সর্বশ্রেষ্ঠ শখ হলেও আমি কাউকে শখ হিসেবে বই পড়তে পরামর্শ দিতে চাইনে।'' লেখক বই পড়ার শখকে 'মানুষের সর্বশ্রেষ্ঠ শখ' বলেছেন কেন? লেখক কেন শখ হিসেবে বই পড়তে পরামর্শ দিতে চান নি? ১০

*অথবা*

"'Scientific mentality' এই বহু প্রচলিত ইংরেজী সংজ্ঞাটিকে বাংলায় বৈজ্ঞানিক বুদ্ধি বলা যেতে পারে।" রাজশেখর বসুর অনুসরণে 'বৈজ্ঞানিক বুদ্ধি' কথাটির তাৎপর্য বিশ্লেষণ করো।

৩। অভাগী কে? তার কল্পনায় স্বর্গগমনের কী উপায় ছিল? সে কী সেই স্বর্গগমনের পথ লাভ করতে পেরেছিল? ১০

*অথবা*

"একটা মেয়ের ইজ্জত রক্ষা করার ক্ষমতা হলো না বলেই হয়তো যন্ত্রণায় মাথাটা ছিঁড়ে পড়ছে তার। কিন্তু কোন্ মেয়েটার?" কার দ্বারা, কোন্ মেয়ের ইজ্জত রক্ষা করার ক্ষমতা হলো না? কেনই বা হলো না? 'কোন্ মেয়েটা'র কথাটির তাৎপর্য ব্যাখ্যা করো।

৪। ভাব-সম্প্রসারণ করো : ১০

"শুধু পড়াশোনাতে কিছু হয় না। বাজনার বোল থেকে বেশ মুখস্থ বলতে পারে; হাতে আনা বড় শক্ত।

*অথবা*

সংক্ষিপ্তসার লেখো :

মহাসমুদ্রের শত বৎসরের কল্লোল কেহ যদি এমন করিয়া বাঁধিয়া রাখিতে পারিত যে, সে ঘুমাইয়া পড়া শিশুটির মত চুপ করিয়া থাকিত, তবে সেই নীরব মহাশব্দের সহিত এই লাইব্রেরীর তুলনা হইত। এখানে ভাষা চুপ করিয়া আছে, প্রবাহ স্থির হইয়া আছে। মানবাত্মার অমর আলোক কালো অক্ষরের শৃঙ্খলে কাগজের





কারাগারে বাঁধা পড়িয়া আছে। ইহারা যদি সহসা বিদ্রোহী হইয়া উঠে, নিস্তব্ধতা ভাঙ্গিয়া ফেলে, অক্ষরের বেড়া দগ্ধ করিয়া একবারে বাহির হইয়া আসে! হিমালয়ের মাথার উপরে কঠিন বরফের মধ্যে যেমন কত কত বন্যা বাঁধা আছে, তেমনি এই লাইব্রেরীর মধ্যে মানব হৃদয়ের বন্যাকে বাঁধিয়া রাখিয়াছে। বিদ্যুৎকে মানুষ লোহার তার দিয়া বাঁধিয়াছে কিন্তু কে জানিত মানুষ শব্দকে নিঃশব্দের মধ্যে বাঁধিতে পারিবে। কে জানিত সঙ্গীতকে, হৃদয়ের আশাকে, জাগ্রত আত্মার আনন্দধ্বনিকে, আকাশের দৈববাণীকে সে কাগজে মুড়িয়া রাখিবে! কে জানিত মানুষ অতীতকে বর্তমানে বন্দী করিবে! অতলস্পর্শ কাল সমুদ্রের উপর এক একখানি বই দিয়া সাঁকো বাঁধিয়া দিবে!

৫। নিম্নলিখিত যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) তোমার কলেজের বাৎসরিক সাংস্কৃতিক অনুষ্ঠান উপলক্ষে একটি আমন্ত্রণ-লিপি রচনা করো।

(খ) কলেজের নবীনবরণ অনুষ্ঠান উপলক্ষে একটি ভাষণ প্রস্তুত করো।

(গ) কলেজে রক্তদান শিবিরের আয়োজন করা হবে। এ বিষয়ে একটি বিজ্ঞপ্তি রচনা করো।

(ঘ) বর্তমানে ৫০০ ও ১০০০ টাকার নোট বাতিল হওয়ায় দেশে অর্থনীতির উপর কী প্রভাব পড়বে—এ বিষয়ে একজন বিশিষ্ট অর্থনীতিবিদের সঙ্গে সাক্ষাৎকার রচনা করো।

★★★